

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৪২৯.১৯-৭০২

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
২০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৯/০৬/২০১৯ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২২২.১৭-১৩৩ সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০১(এক)জন প্রার্থীকে পরিকল্পনা বিভাগের নবসৃষ্ট আইসিটি সেলের “সহকারী মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
(১)	সিয়াম বিন ফরিদ রেজি নং- ০০০১৫৯০	পিতা- মোঃ ফরিদুল হক মাতা- শিরিন সুলতানা ২১৭/বি, আছিয়া লজ গ্রাম- কলেজপাড়া, রাজবাড়ী সদর ডাকঘর- রাজবাড়ী সদর-৭৭০০ থানা- রাজবাড়ী সদর জেলা- রাজবাড়ী।	ফ্ল্যাট, বাড়ী ও সড়ক নং-মধুমীর (২য় তলা) গ্রাম/শহর- ২০/১/৩, পূর্ব মাদারটেক, বাসাবো ডাকঘর- বাসাবো টিএসও-১২১৪ থানা- সবুজবাগ জেলা- ঢাকা।


০২। নিয়োগের শর্তাবলী:

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২(দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাঁকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;
- বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর তাঁর জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। অতঃপর উক্ত সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের মূলকপি সংগ্রহ করে চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

০৩। যদি অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ২১ জুলাই ২০১৯ খ্রি: তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৪/৬/১৯
(মোহাঃ জেসমুন নাহার)
উপসচিব
ফোন: ০২-৯১১৫৮৭৩


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য...

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৪২৯.১৯-৭০২/১(১৬)

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
২০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৪) যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫) উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) জেলা প্রশাসক, রাজবাড়ী জেলা (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ৭) পুলিশ সুপার, রাজবাড়ী জেলা (জরুরী ভিত্তিতে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।
- ৮) সিভিল সার্জন, রাজবাড়ী জেলা (সরকারী চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ৯) উপ-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী সদর উপজেলা, রাজবাড়ী (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ১৫) হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৬) জনাব সিয়াম বিন ফরিদ, পিতা- মোঃ ফরিদুল হক, মাতা- শিরিন সুলতানা, ২১৭/বি, আছিয়া লজ, গ্রাম- কলেজপাড়া, রাজবাড়ী সদর ডাকঘর- রাজবাড়ী সদর-৭৭০০, থানা- রাজবাড়ী সদর, জেলা- রাজবাড়ী (বর্তমান ঠিকানাঃ ফ্ল্যাট, বাড়ী ও সড়ক নং-মধুমীর (২য় তলা) গ্রাম/শহর- ২০/১/৩, পূর্ব মাদারটেক, বাসাবো, ডাকঘর- বাসাবো টিএসও-১২১৪, থানা- সবুজবাগ, জেলা- ঢাকা।
- ১৭) অফিস কপি/ব্যক্তিগত নথি।


(মোছাঃ জেসমুন নাহার)
উপসচিব